"মিষ্টি বাচ্চারা - আপন বুদ্ধিকে কোনো দেহধারীর দিকে ঝোকানো (আসক্ত) উচিত নয়, একমাত্র বিদেহী বাবাকেই স্মরণ করতে হবে আর অন্যদেরকেও বাবার স্মরণ করাতে হবে"

*প্রশ্নঃ - নিজের জীবনকে হীরে-তুল্য শ্রেষ্ঠ করে গড়ে তোলার জন্য মুখ্য কোন্ কোন্ কথার (বিষয়ের) উপর অ্যাটেনশন চাই ?

*উত্তরঃ - ১) ভোজন অত্যন্ত যোগযুক্ত হয়ে তৈরী করতে হবে এবং খেতে হবে। ২) পরস্পরকে বাবার স্মরণ করিয়ে জীবন দান করতে হবে। ৩) কোনো বিকর্ম করা উচিত নয়। ৪) ফালতু কথা (ব্যর্থ কথন) যারা বলে তাদের সঙ্গ থেকে নিজেকে সুরক্ষিত রাখতে হবে, পরনিন্দা-পরচর্চা করা উচিত নয়। ৫) কোনো দেহধারীর প্রতি নিজের বুদ্ধির আসক্তি রাখা উচিত নয়, দেহধারীর দিকে ঝুঁকে যাওয়া উচিত নয়। ৬) প্রতিটি পদক্ষেপে অবিনাশী সার্জেনের কাছ থেকে রায় নিতে হবে। নিজের রোগ সার্জনের কাছে লুকিও না।

ওম্ শান্তি । বাচ্চারা কার স্মরণে বসে রয়েছে? (শিব বাবার) শিববাবাকেই স্মরণ করতে হবে আর কোনও দেহধারীকে স্মরণ করবে না। তোমাদের সামনে এই দেহধারী বসে রয়েছে, এঁনাকেও স্মরণ করবে না। তোমাদের কেবল এক বিদেহীকেই স্মরণ করতে হবে, যার নিজস্ব শরীর নেই। এই মাম্মা-বাবা অথবা যে অসাধারণ সার্ভিসেবেল বাচ্চারা রয়েছে তারা সকলেই শিখে থাকেন শিববাবার মাধ্যমে। তাহলে স্মরণও শিববাবাকেই করতে হবে। কোনো বাচ্চা অবশ্যই গিয়ে কাউকে বোঝায়, তবুও বুদ্ধির দ্বারা বুঝতে হবে যে শিববাবাই এদের পড়িয়েছেন। বুদ্ধিতে শিববাবার স্মরণ রাখা উচিত, দেহধারীদর নয়। যদি তোমরা এই দেহধারীকে স্মরণ করো তবে তা কমন (সাধারণ) হয়ে যায়। বাবা বলেন, কখনো দেহধারীদের দিকে ঝুঁকবে না। তোমাদের স্মরণ একজনকেই করতে হবে - যিনি সকলকে সদগতি দিয়ে থাকেন। যদি এই সাকারকে স্মরণ করো তবে স্মরণ নিষ্ফল হয়ে যায়। যেমন লৌকিক বাবাকে বাচ্চারা স্মরণ করে, তাতে কোনো লাভ হয় না। কোন ব্রাহ্মণীকে স্মরণ করলে যে অমুক ব্রাহ্মণী আমাদের পড়াক, তবে তা নিষ্ফল হয়ে গেল। কারোরই স্মরণ থাকা উচিত নয়। আমাদের শিববাবা পড়াচ্ছেন, কল্যাণকারী হলেন শিববাবা। দেহধারীর প্রতি কখনো সমর্পিত হয়ে যাওয়া উচিত নয়। এই বাবাও তোমাদের বলেন মন্মনাভব। দেহধারীদের স্মরণ করলে দুর্গতিপ্রাপ্ত হবে। বাবা জানেন, কারোর কারোর ব্রাহ্মণীদের সাথে বুদ্ধি যুক্ত হয়ে যায়, এটা হলো ভুল। দেহধারীর প্রতি আসক্ত হওয়া উচিত নয়। বাবার ফরমান (আদেশ) হলো, মামেকম্ (একমাত্র আমাকেই) স্মরণ করো। সকালে উঠে আমাকে স্মরণ করো। দেহধারীকে লৌকিক বলা হবে। তাদের স্মরণ করবে না। একমাত্র আমাকেই অর্থাৎ নিরাকারকেই স্মরণ করো। গায়নও একজনেরই রয়েছে। শিবায়ঃ নমঃ, শিব হলেন বিদেহী। উত্তরাধিকার তোমাদের বাবার কাছ থেকে নিতে হবে। এই দেহও ওঁনার নয়। বাবা বলেন - এই শরীর দ্বারা আমি কেবল তোমাদেরকে পড়িয়ে থাকি, কারণ আমার নিজস্ব শরীর নেই সেইজন্য এঁনার আধার নিই। কল্পপূর্বেও এঁনার দ্বারাই আমি তোমাদের সহজ রাজযোগ শিখিয়েছিলাম, যারফলে তোমরা পবিত্র হয়েছিলে। আমার সেবাই হলো এ'টা - পতিতদের পবিত্র করা। এছাড়া কৃপা বা আশীর্বাদ চাওয়া বেকার। এই কথাগুলি (বিষয়) ভক্তি মার্গে চলে, এখানে নয়। এমনও নয় যে কেউ অসুস্থ হয়ে গেলে, আমি ঠিক করে দিই, এটা আমার কাজ নয়। আহ্বান করে, আমাদের পতিতদের এসে পবিত্র বানাও, দুর্গতি থেকে সদগতিতে নিয়ে চলো। গায়নও করে কিন্তু অর্থ জানেনা। ভক্ত তো সমগ্র দুনিয়াতেই রয়েছে, তারা সকলেই কাকে স্মরণ করে? অদ্বিতীয় পতিত পাবন বাবাকে। সমগ্র দুনিয়ার মানুষমাত্রেরই তিনি হলেন লিবারেটর(মুক্তিদাতা), তিনি গাইডও। দুঃখ থেকে লিবারেট করে পরমধামে নিয়ে যান বাবা-ই। সেইজন্য বাবার শ্রীমতে চলা উচিত। প্রতিটি পদক্ষেপে রায় নেওয়া উচিত যে এই অবস্থায় কি করব? সার্জেন তো একজনই। ইনি(ব্রহ্মা) সার্জেনের থাকার এবং বলার স্থান (ব্রহ্মা তন)। এই সার্জনের মতন মৎ আর কেউ দিতে পারে না। বাচ্চাদের টাইম ওয়েস্ট করা উচিত নয়। দিনে দিনে আয়ু কম হয়ে যাচ্ছে। বিনাশ সামনে দাঁড়িয়ে রয়েছে - গাফিলতি করলে তখন অত্যন্ত অনুতাপ করতে হবে। পরনিন্দা- পরচর্চা করে সময় নষ্ট করলে তোমাদের অনেক লোকসান হয়ে যাবে। তোমাদের অন্যদেরকেও বাঁচাতে হবে। মানুষ তো একে-অপরকে বাবার সঙ্গে মিলন করে দেয় না, আরও দূরে করে দেয়। এইসময় সকলেরই হলো অবতরণ কলা সেইজন্য অবশ্যই উল্টো মত দেবে। বাচ্চারা এখন জ্ঞান পেয়েছে সেইজন্য কোন বিকর্ম করা উচিত নয়। লুকানো উচিত নয়। এ তো তোমরা জানো যে আমরা জন্ম জন্মান্তর ধরে পাপ করেই এসেছি। বাবার হয়ে গিয়েও যদি পাপ করো তাহলে কি আর বলা যাবে। এরা বলে আমাদের পরমাত্মা পড়ায় আর স্বয়ং পাপ করতে থাকে। পাপ করে যদি না বলে তবে সেই বোঝা নিচে নামে না (দূর হয় না)। অভ্যাস পাক্কা হয়ে যায়। মনে করে আমাদের কেউ

দেখছে না। ভগবান তো দেখেন, তাই না ! না হলে সাজা কিভাবে পায় - গর্ভতে। ভিতরে হৃদয়ের দংশন হয় যে আমার দ্বারা এই পাপ হয়েছে। মনে করো, কেউ বিকারে লিপ্ত হয়ে তারপর এখানে এসে বসে। বাবা তো জানতে পারেন - অত্যন্ত তুচ্ছবুদ্ধির, যারজন্য বুঝতে পারে না, পাপ করতে থাকে, শোনায় না। অনেক কথা তো সাকার বাবাও জেনে যান, কিন্তু বাচ্চারা শোনায় না। বাবা বলেন, পাপ করতে থাকলে তখন বৃদ্ধি হতে থাকবে। তারপর শতগুণ দণ্ডভোগ করতে হবে। লুকিয়ে- লুকিয়ে করতে থাকে, তারা চুরি ব্যতীত কিছুই বোঝেনা। তাদেরকে জেল বার্ড বলা হয়। বাবা বাচ্চাদের বোঝান যে বাবাকে স্মরণ করানো ব্যতীত আর কোনো পরনিন্দা-পরচর্চার ব্যর্থ কথা বললে তখন মনে করবে, এ হলো আমার শত্রু। ব্যর্থ (ফালতু) কথা না বলবে, না শুনবে? একে-অপরকে সতর্ক করতে থাকো যে শিববাবাকে স্মরণ করো। কারোর আবার রাগও হয়ে যায় যে অমুকে আমায় কি বলছে? কিন্তু তোমার কর্তব্য হল স্মরণ করানো। স্মরণের দ্বারাই বিকর্ম বিনাশ হবে। যতক্ষণ পর্যন্ত কর্মাতীত অবস্থা না আসে ততক্ষণ পর্যন্ত মন-বাণী-কর্মে কিছু না কিছু ভুল হতেই থাকে। কর্মাতীত অবস্থা পরে আসবে। সেও কি পাস উইথ অনার হবে নাকি ! না তা হবে না। যারা সার্ভিস করেনা তাদের এই অবস্থা আসবে না। যারা সার্ভিসেই থাকে, তারা একে-অপরকে স্মরণ করাতে থাকে - পরমপিতা পরমাত্মার সঙ্গে তোমাদের কিসের সম্বন্ধ? বাবা নিজের উদাহরণ দিয়ে বলেন যে আমিও ভোজন করতে বসি, স্নান করি, সেইজন্য আমাকেও স্মরণ করাও যে শিববাবা-কে স্মরণ করাও। যদি স্বয়ং স্মরণ নাও করে তবুও বাবার ডাইরেকশনকে গুরুত্ব দেওয়া উচিত। যদি নিজের কল্যাণ করতে চাও তবে একে-অপরকে স্মরণ করাও। ভোজন প্রস্তুতকারী ব্রাহ্মণদের যোগ সঠিক হওয়া চাই তবেই তো ভোজনে শক্তি আসবে। স্মরণের দ্বারাই তোমরা জীবনদান পাও। নিজের হীরেতুল্য জীবনকে তৈরী করতে হবে। সহজ থেকে সহজ কথা হলো আমায় স্মরণ করো, পবিত্র হও। পতিত হলে তখন শতগুণ দন্ডভোগ করতে হবে। আমায় অর্থাৎ বাবাকে স্মরণ করতে থাকলে তবেই বিকর্ম বিনাশ হবে আর আমি উত্তরাধিকারও দেবো। অল্প স্মরণ করলে তখন উত্তরাধিকারও অল্পই পাবে। গীতাতেও আদি এবং অন্তে আসে 'মন্মনাভব'। কোনো দেহধারীর স্মরণ আসা উচিত নয়। শিববাবাকে স্মরণ করলে তোমাদের কল্যাণ হবে। পাপ দগ্ধ হয়ে যাবে। গঙ্গাস্নান করলে কোনো পাপ বিনাশ হয় না। অবশ্যই বলে যে ভাবনা রয়েছে, কিন্তু ভাবনাই তো ভুল। গঙ্গা পতিত-পাবনী নয়। পতিত-পাবন হলেন একমাত্র বাবা। কোনো স্থুল বস্তুকে তোমরা স্মরণ করবে না। একমাত্র শিববাবাকেই স্মরণ করতে হবে। আত্মা বলে - হে গডফাদার, হে পরমপিতা পরমাত্মা। বাবা বলেন - আমি এসেছি তোমাদের সম্পূর্ণ সহজ উপায় বলে দিই যে আমাকে স্মরণ করো। অন্তিমে আমার স্মরণ থাকলে তবেই তোমরা আমার কাছে চলে আসবে। জীব আর আত্মা, তাই না ! মনুষ্যআত্মাকে পাপাত্মা, পুণ্যাত্মা বলা হয়ে থাকে। পুণ্য পরমাত্মা বলা হয় না। আত্মাই অপবিত্র হয় তখন আবার শরীরও অপবিত্র পায়। বাবা আত্মাদের সঙ্গে কথা বলেন। আত্মা হলো অবিনাশী। বাবা আর বাচ্চা দুই-ই অবিনাশী। বাবা বলেন - আদরের হারানিধি বাচ্চারা, আমি একবারই এসে তোমাদের পবিত্র করি। তোমাদের আত্ম-অভিমানী বানিয়ে বলে থাকি অশরীরী ভব, আমায় অর্থাৎ বাবাকে স্মরণ করো। এ'টাই হল আত্মাদের যাত্রা। ও'টা হল শরীরবৃত্তীয় যাত্রা। এখানে তো তোমরা জানো যে আত্মাদের এখন ফিরে যেতে হবে। যোগ অগ্নির দ্বারাই তোমাদের জন্ম জন্মান্তরের পাপ দূরীভূত হবে। তোমাদের ব্রাহ্মণ হতে হবে। না হলে তখন প্রজায় হালকা পদপ্রাপ্ত হবে। কিছু না কিছু শোনে তাতে তা(পাপ) বিনাশ হবে না। যারা ভালোভাবে পড়বে, পড়াবে তারাই উচ্চ পদপ্রাপ্ত করবে। সহজ থেকে সহজ কথা হল স্মরণের। পরমপিতাকে স্মরণ করতে হবে। সর্বোচ্চ হলেন একমাত্র ভগবান - সেইজন্য গান শিববাবারই গাইলে তা সঠিক। তোমাদের বুদ্ধি ওখানে থাকা উচিত যে শিববাবা আমাদের শোনাচ্ছেন। এখন নাটক সম্পূর্ণ হতে চলেছে। আমাদের অর্থাৎ সব অ্যাক্টরদের এখন দেহবোধ ত্যাগ করে ফিরে যেতে হবে। বাবাকে স্মরণ করলে বিকর্ম বিনাশ হবে তাই যত স্মরণ করবে ততই উচ্চ পদ পাবে। যেমন একটি পিলার তৈরি করে তাই না ! যেখানে দৌড়ে গিয়ে হাত ছুঁয়ে তারপর যে প্রথমে পৌঁছবে (ফিরে আসবে)। তোমাদের পিলার হলো শিববাবা। এ হলো স্মরণের যাত্রার দৌড়। যত স্মরণ করবে ততই তাড়াতাড়ি পিলারের কাছে পৌঁছবে, তারপর আসতে হবে স্বর্গে। এই যাত্রায় ক্লান্ত হয়ে পড়ো না। এখন তো দুঃখধাম সমাপ্ত হযতে চলেছে। আমাদের তো যেতে হবে সুখ ধাম, শান্তিধামে। আজ দুঃখধাম, কাল সুখধাম হবে। এখন এই বাবাকে স্মরণ করা, সকলকে মনে করাও। বাবা হাতে করে স্বর্গ এনেছেন। তিনি বলেন - মামেকম্ স্মরণ করো তাহলেই তোমাদের তরী পার হয়ে যাবে। সময় নষ্ট করো না। ভক্তিতেও অনেক পরনিন্দা-পরচর্চা করেছো। ভক্তিতে অনেক কান্নাকাটি (কাকুতি-মিনতি) করে যে ভগবান আমাদের সদগতি করতে এসো। এখন বাবা এসেছেন, তিনি বোঝান - বাচ্চারা, পবিত্র হও। অবশ্যই যুগলেরা একসাথে থাকে, দেখো আগুন লেগে যায় না তো ? আগুন লাগলে পদভ্রষ্ট হয়ে যাবে। একবার আগুন লাগলে তখন আবার লাগতেই থাকবে, সেইজন্য নিজেদের সামলাতেও হবে। যোগে থাকার জন্য প্রচুর প্র্যাকটিস চাই। যোগে যদিও কতই না আওয়াজ হয়, ভূমিকম্প হয়, বোমা পড়ে, দেখো কি-কি হতে থাকে। এইসমস্ত কথায় (বিষয়ে) ভয় পাবে না। এ তো জানো যে রক্তের নদী ভারতেই বইবে। পার্টিশনে রক্তের নদী বয়েছিল, তাই না! এখনো অনেক বিপদ আসবে, তোমাদের দেখতে হবে, কারোর পৌষ মাস কারো সর্বনাশ [মিরুয়া (শিকার) মৌত মলুকা (শিকারী) শিকার] । তোমরা ফরিস্তা হতে

